যায়যায়দিন

তারিখ ... 16 APR 2009 ...
পৃষ্ঠা ... ২৮ ... কলাম ... ৭ ...

# ছাত্রলীগের লেবাসে ক্যাম্পাসে সহিংস ঘটনা ঘটাচ্ছে ছাত্রদল : জাবি ভিসি

যাযাদি রিপোর্ট

ছাত্রলীগের লেবাসে ক্যাম্পাসে সহিংস ঘটনা ঘটাচ্ছে ছাত্রদলের ক্যাডাররা। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শরিফ এনামুল কবির এমন অভিযোগ করে বলেন, ক্যাম্পাসের বাইরের একটি স্বার্থান্বেষী মহলের উস্কানিতে শিক্ষাঙ্গনে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করতেই উদ্দেশ্যমূলকভাবে এসব ঘটনা ঘটানো হচ্ছে।

ক্যাম্পাসে শান্তি-শৃঙ্খলা রক্ষায় স্বরাষ্ট্রমন্ত্রীর সহযোগিতা চাইতে বুধবার সচিবালয়ে আসেন উপাচার্য শরিফ এনামুল কবির। তিনি স্বরাষ্ট্রমন্ত্রী অ্যাডভোকেট সাহারা খাতুন, স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী তানজিম আহমেদ সোহেল তাজ ও স্বরাষ্ট্র সচিব আবদুস সোবহান সিকদারের সঙ্গে বৈঠক করে।

বৈঠক শেষে উপাচার্য সাংবাদিকদের বলেন, আমরা ক্যাম্পাসে শান্তিপূর্ণ পরিবেশ চাই। সন্ত্রাসীরা যাতে ক্যাম্পাসে সন্ত্রাসী কর্মকাণ্ড চালাতে না পারে সেজন্য আমরা স্বরাষ্ট্রমন্ত্রীর সহযোগিতা চেয়েছি। তিনি এ ব্যাপারে পূর্ণাঙ্গ সহায়তার আশ্বাস দিয়েছেন।

কয়েক মাসে ক্যাম্পাসে সংঘটিত কয়েকটি সহিংস ঘটনার কথা উল্লেখ করে উপাচার্য অভিযোগ করেন, এর আগে যারা ছাত্রদলের হয়ে কাজ করতো, তারাই এখন ছাত্রলীগের

লেবাসে ক্যাম্পাসে : পৃষ্ঠা ১৫ কলাম ৫

## ক্যাম্পাসে : ছাত্রলীগের

*(শেষ পৃষ্ঠার পর)*

ক্যাম্পাসে সহিংস ঘটনা ঘটাচ্ছে। তিনি দাবি করেন, তাদের সবাই চেনে।

স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী তানজিম আহমেদ সোহেল তাজ সাংবাদিকদের বলেন, পূর্ববর্তী সরকারগুলো শিক্ষাঙ্গনের সংহিসতা ঠেকাতে পারেনি। তবে আমরা আগেও বলেছি, এখনো বলছি যে কোনো মূল্যে শিক্ষাঙ্গনে শান্তিপূর্ণ পরিবেশ ফিরিয়ে আনা হবে। সন্ত্রাসী যে দলেরই হোক না কেন কাউকে ছাড় দেয়া হবে না।